



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

Head Examiner/Examiner/Scrutinizer/Moderator ইত্যাদি আবেদনের নির্দেশিকা:-

Head of Institute Select:

রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.rajshahieducationboard.gov.bd) পরীক্ষক সেবা বক্সে “তথ্য সংযোগ” এ ক্লিক করলে একটি ডায়ালগ বক্স দেখা যাবে, সেখানে Choose one এ ক্লিক করে Head of Institute সিলেক্ট করতে হবে। প্রতিষ্ঠানের EINN নম্বর দিতে হবে এবং পাসওয়ার্ডের ঘরে HSC/SSC/JSC তে রেজিস্ট্রেশনের জন্য ব্যবহারকৃত প্রথম পাসওয়ার্ডটি টাইপ করে লগইন করলে একটি ডায়ালগ বক্স আসবে এবং সেখানে প্রতিষ্ঠানের প্রধানের নাম, **gmail-এর ইমেইল Address (যেমন-babu@gmail.com)** ও মোবাইল নম্বর দিতে হবে। তারপর সেখানে Add Teacher, Teacher List ও Head Institute Profile Update দেখা যাবে, তখন Add Teacher-এ ক্লিক করে, শিক্ষকের নাম যোগদানের তারিখ, মোবাইল নম্বর, ই-মেইল এড্রেস, জাতীয় পরিচয় পত্রের নম্বর টাইপ করে Save দিলে OTP (One Time Password) চাবে অর্থাৎ Password টি আপনার প্রতিষ্ঠানের প্রধানের ইমেইল Address থেকে সংগ্রহ করে Input দিতে হবে, এভাবে অন্যান্য Teacher Add করা যাবে এবং এইভাবে সকল Teacher অন-লাইনে Add করতে হবে। Teacher Add না করলে উক্ত Teacher এর অন্য তথ্য Online দেওয়া যাবে না। তবে উক্ত Teacher Add করলে Online এ তথ্য দেওয়া যাবে।

Examiner/Head Examiner/Scrutinizer/Moderator/Setter/Re-Scrutinizer একাধিক বিষয়ে শিক্ষা বোর্ডের কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট থাকতে চান তাহলে Apply সিলেক্ট করতে হবে এবং একাধিক পরীক্ষায় আবেদন করতে চান তাহলে **জেএসসি এবং** **এসএসসি** বক্সে টিক দিতে হবে, স্কুল এন্ড কলেজের ক্ষেত্রে যদি তিনটিতে আবেদন করতে চান তাহলে **জেএসসি**, **এসএসসি ও** **এইচএসসি** বক্সে টিক দিতে হবে, শুধুমাত্র কলেজের ক্ষেত্রে **এইচএসসি** বক্সে টিক দিতে হবে এবং সকল পরীক্ষার জন্য আলাদা বিষয় সিলেক্ট করতে হবে এবং Master Trainer হলে Master Trainer বক্সে টিক দিতে হবে। যে বিষয়ে পরীক্ষক হবেন, সে বিষয় সিলেক্ট করে Save বাটনে ক্লিক করতে হবে।

Teacher List:

যে সকল Teacher Add করা হয়েছে Teacher List-এ ক্লিক করলে উক্ত শিক্ষকের নাম দেখতে পাওয়া যাবে, যদি প্রধান পরীক্ষক/পরীক্ষক হতে চান তাহলে Apply Select করতে হবে, আর যদি কোন Teacher পরীক্ষক হতে না চান অথবা বোর্ডের কোন কার্যক্রমের সঙ্গে জড়িত না থাকতে চান তাহলে Not Apply Select করতে হবে এবং সংশোধন ও বাতিল করা যাবে, যদি আর কোন শিক্ষক/শিক্ষিকার আবেদন না থাকে, তাহলে সাইন আউটের মাধ্যমে বেরিয়ে যেতে হবে। কোন ধরনের সংশোধন করতে চাইলে OTP (One Time Password) চাবে ইতিপূর্বের ন্যায় Password টি আপনার প্রতিষ্ঠানের প্রধানের ইমেইল Address থেকে সংগ্রহ করে Input করা যাবে।

Teacher Information Form:

পুনরায় রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে পরীক্ষক সেবা বক্স থেকে “তথ্য সংযোগ” এ ক্লিক করলে একটি ডায়ালগ বক্স দেখা যাবে, যদি পূর্বে থেকে Teacher এর Password থাকে তাহলে সেখানে Choose one এ ক্লিক করে Teacher সিলেক্ট করে মোবাইল নম্বর ও পাসওয়ার্ডটি টাইপ করে লগইন সফল হওয়ার পর শিক্ষক তার প্রফাইলটি পূরণ করতে পারবে। এক্ষেত্রে তাঁর সোনালী ব্যাংক একাউন্ট নম্বর, ডাচ-বাংলা মোবাইল ব্যাংক একাউন্ট নম্বর, ছবি সংযুক্ত ও অন্যান্য তথ্য দিয়ে সেভ করা যাবে। সকল তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে। আর যদি প্রথম বার Teacher হিসাবে Login করতে হয় অথবা যদি Password হারিয়ে/ভুলে যায়, এক্ষেত্রে Get Password এ ক্লিক করলে আরেকটি ডায়ালগ বক্স পাওয়া যাবে, সেখানে Choose one এ ক্লিক করে Teacher সিলেক্ট করতে হবে এবং Add Teacher-এ ব্যবহারকৃত মোবাইল নম্বর ও **gmail-এর ইমেইল Address (যেমন-babu@gmail.com)** এবং Security key টাইপ করে Submit করতে হবে। তখন আপনার ই-মেইল এড্রেসে পাসওয়ার্ড চলে আসবে এবং ই-মেইল থেকে পাসওয়ার্ডটি সংগ্রহ করে পূর্বের ন্যায় রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে পরীক্ষক সেবা বক্সে “তথ্য সংযোগ” এ ক্লিক করে উক্ত Password ব্যবহার করে উক্ত Teacher এর তথ্য দেওয়া যাবে। কোন ধরনের কার্যক্রম করতে চান, তাহলে উল্লিখিত কার্যক্রমটি Select করুন;

Head examiner Examiner Scrutinizer Re_Scrutinizer Moderator
 Setter External Practical Internal Practical Trainer/প্রশিক্ষক Other প্রযোজ্য
ক্ষেত্রে টিক চিহ্ন দিতে হবে। অর্থাৎ

Head Examiner না হতে চাইলে ফাঁকা রাখুন, হতে চাইলে টিক দিন।

Examiner না হতে চাইলে ফাঁকা রাখুন, হতে চাইলে টিক দিন।

Scrutinizer না হতে চাইলে ফাঁকা রাখুন, হতে চাইলে টিক দিন।

Re_Scrutinizer না হতে চাইলে ফাঁকা রাখুন, হতে চাইলে টিক দিন।

Moderator না হতে চাইলে ফাঁকা রাখুন, হতে চাইলে টিক দিন।

Setter না হতে চাইলে ফাঁকা রাখুন, হতে চাইলে টিক দিন।

External (Practical) না হতে চাইলে ফাঁকা রাখুন, হতে চাইলে টিক দিন।

Internal (Practical) না হতে চাইলে ফাঁকা রাখুন, হতে চাইলে টিক দিন।

Trainer/প্রশিক্ষক না হতে চাইলে ফাঁকা রাখুন, হতে চাইলে টিক দিন।

Other এছাড়া অন্য কোন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট থাকতে চান তাহলে টিক দিন।

শিক্ষকের প্রোফাইলে সমস্ত তথ্য পূরণ করার পরে, Submit বোতাম ক্লিক করুন, একটি কোড আপনার ই-মেইলে পাঠানো হবে। চূড়ান্ত Submit এর জন্য এই কোড ব্যবহার করুন। আপনি যদি এই কোডটি ব্যবহার না করেন তবে আপনার তথ্য আপডেট হবে না এবং কোড সরবরাহ করা হলে, আপনার তথ্য আপডেট হবে। সকল প্রতিষ্ঠানের (বিদ্যালয়/কলেজ) সকল শিক্ষককে অন-লাইনে তথ্য পূরণ করতে হবে।

স্বা:/-

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্বা:/-

সিনিয়র সিস্টেম এনালিস্ট

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

